

মঙ্গলবার, ফেব্রুয়ারি ১০, ২০২৬ ■ মাঘ ২৭, ১৪৩২

বনিকবাত্রা



## এনএসইউতে ইনডোর ব্যাডমিন্টন টুর্নামেন্ট

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে (এনএসইউ) সপ্তাহব্যাপী ইনডোর ব্যাডমিন্টন টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের ইনডোর গ্রাউন্ডে ফাইনাল পর্ব অনুষ্ঠিত হয়। ফাইনালে উপস্থিত ছিলেন এনএসইউরি বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আজিজ আল কায়সার। এছাড়া উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা, আজীবন সদস্য ও সাবেক চেয়ারম্যান এমএ কাশেম, বেনজীর আহমেদ ও মো. শাহজাহান। বোর্ড অব ট্রাস্টিজের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন ইয়াছমিন কামাল, রেহানা রহমান ও ফওজিয়া নাজ। অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল আজিজ আল কায়সার ও উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরীর মধ্যকার প্রীতি ম্যাচ। —বিজ্ঞপ্তি